ভোরের কাগজ

তারিখ ... 31 DEC 2002 ...
পৃষ্ঠা ... ১ ...

# আহ্বায়ক কমিটির অধীনেই কাল ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হচ্ছে

কাগজ প্রতিবেদক : অবশেষে ছাত্রদলের আহ্বায়ক কমিটির অধীনেই পালিত হচ্ছে ছাত্রদলের ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। আগামীকাল রমনা পার্কের শতায়ু অঙ্গনে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দিনব্যাপী অনুষ্ঠান মালার আয়োজন করা হয়েছে। এদিকে পূর্বঘোষিত সময় ৩১ ডিসেম্বরের মধ্যে ছাত্রদলের আহ্বায়ক কমিটির স্থলে নতুন কমিটি গঠিত না হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ মাঠ পর্যায়ের নেতাকর্মীদের মধ্যে ব্যাপক ক্ষোভ এবং

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৬

## আহ্বায়ক কমিটির অধীনেই

● শেষের পাতার পর

হতাশা বিরাজ করছে।

প্রসঙ্গত, দীর্ঘ ৯ মাস ২৩ দিন ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত থাকার পর গত ১০ সেপ্টেম্বর ছাত্রদলের আহ্বায়ক কমিটি গঠন করা হয়। আহ্বায়ক কমিটিকে ৩১ ডিসেম্বরের মধ্যে যে কোনোভাবে সকল বিভাগ, জেলা ও কেন্দ্রীয় সম্মেলন অনুষ্ঠান করে ছাত্রদলের নতুন কমিটি নির্বাচনের জন্য বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব সময়সীমা বেঁধে দেন। আহ্বায়ক কমিটি বিভিন্ন বিভাগ এবং জেলা শাখার সম্মেলন অনুষ্ঠান করতে পারলেও কেন্দ্রীয় এবং গুরুত্বপূর্ণ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন অনুষ্ঠানে ব্যর্থ হয়েছে।

ছাত্রদলের মাঠ পর্যায়ের নেতাকর্মীদের মতে, আহ্বায়ক কমিটি আবারো নেতৃত্বে আসার জন্য ব্যাপক গ্রুপিং-লবিং করার কারণে তারা যথাসময়ের মধ্যে সম্মেলন অনুষ্ঠানে গড়িমসি করেছে।

তবে নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, আগামীকাল প্রতিষ্ঠাবার্ষিকীর দিনই ছাত্রদলের কেন্দ্রীয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি ঘোষণা করা হতে পারে।

প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে সাবেক ও বর্তমান ছাত্রদলের নেতাদের স্মৃতিচারণ ছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠান রয়েছে। সকালে দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হবে। এরপর রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠামালা শুরু হবে। সকালের দিকে ক্যাম্পাসে একটি র‍্যালি বের করা হবে। র‍্যালিটি ক্যাম্পাস থেকে রমনা পার্কে গিয়ে শেষ হবে বলে জানা যায়।